

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৭৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সূর্য উদয়ের আগে এক রাকাত সালাত পায়, সে তার সাথে আরেক রাকাত পড়ে নিবে; এই অবস্থায় সে সালাতকে নষ্ট করবে না

ذِكْرُ الْأُمْرِ لِمَنْ أَدْرَكَ رَكْعَةً مِنْ صَلَاةِ الْغَدَاةِ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ أَنْ يُصلِّيَ إِلَيْهَا أُخْرَى مِنْ غَيْر أَنْ يُفْسِدَ عَلَى نَفْسِهِ صلاته

## আরবী

1579 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهَيْرٍ بِتُسْتَرَ حَدَّثَنَا زَيْدُ بْنُ أَخْزَمَ حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ حَدَّثَنَا هَمَّامٌ عَنْ قَتَادَةَ عَنِ النَّضْرِ بْنِ أَنسٍ عَنْ بَشِيرِ بْنِ نَهِيكٍ عَنْ أَبِي فُرَيْرَةَ عَنْ نَبِي اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ أَدْرَكَ رَكْعَةً قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ ثُمَّ طَلَعَت الشَّمس فَلْيُصِلَ إليها أخرى)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

## বাংলা

১৫৭৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি সূর্য উদয়ের আগে এক রাকা'আত সালাত পায়, তারপর সূর্য উদিত হয়, তবে সে যেন সেই রাকা'আতের সাথে আরেক রাকা'আত সালাত আদায় করে।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৪৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৮৬; হাকিম: ১/২৭৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৪৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন